Department of Education
Carmen Fariña, Chancellor

OFFICE OF ADULT AND CONTINUING EDUCATION
475 Nostrand Avenue Brooklyn, NY 11216
P: (718) 638-2635 F: (718) 623-2080
Rose-Marie Mills, Superintendent

এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

- **অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন (ওএসিই)-এর বয়স্ক শিক্ষা ও পরিষেবা লাভের যোগ্য কে?**

  যুক্তরাষ্ট্রের হাই স্কুল ইকুইভ্যালেনসি (এইচএসই) নেই বা *ডিপ্লোমাহীন* যেকোন ২১ বা তদোর্ধ্ব বয়স্ক ক্লাসের জন্য নাম তালিকাভুক্ত করতে পারেন। যুক্তরাষ্ট্রের হাই স্কুল ইকুইভ্যালেনসি আছে, এমন ব্যক্তিদের জন্য কিছু কিছু ক্যারিয়ার অ্যান্ড টেকনিকেল এডুকেশন (সিটিই) ক্লাসে সীমিতসংখ্যক আসন রয়েছে।

- **বয়স্ক শিক্ষার ক্লাসের জন্য কি কোন ফি দিতে হয়?**

  ইংলিশ অ্যাড এ সেকেন্ডে ল্যাঙ্গুয়েজ (ইএসওএল), এইচএসই, বং অ্যাডাল্ট বেসিক এডুকেশন (এবিই) ক্লাসের জন্য কোন ফি দিতে হয় না। তবে কিছু কিছু সিটিই ক্লাসের জন্য টেক্সট বই ও প্রয়োজনীয় উপকরণ কিনতে হয়।

- **যদি কোন শিক্ষার্থী কাজ করে, আর্থিক সহায়তা লাভ করে, কিংবা তাদের অভিবাসনগত অবস্থা সম্পর্কিত কাগজপত্র না থাকে, তাহলে সেটা কি তার জন্য ওএসিই-এর ফ্রি পরিষেবা লাভের ক্ষেত্রে বাধা হতে পারে?**

  না।

- **ওএসিই-এর ক্লাসের সুযোগ পেতে শিক্ষার্থীদের কোন ন্যূনতম স্তরের মৌলিক শিক্ষা কি সম্পন্ন করতে হবে?**

  না।

- **আমার যদি অন্য কোন দেশের হাই স্কুল ডিপ্লোমা বা কলেজ ডিগ্রি থাকে, তাহলে কি আমি বয়স্ক শিক্ষার ক্লাস নিতে পারবো?**

  হ্যাঁ।

- **যুক্তরাষ্ট্রের কোন হাই স্কুল ডিপ্লোমা বা কলেজ ডিগ্রি থাকে, তাহলে কি আমি বয়স্ক শিক্ষার ক্লাস নিতে পারবো?**

  না। যুক্তরাষ্ট্রের হাই স্কুল ইকুইভ্যালেনসি আছে, এমন ব্যক্তিদের জন্য কিছু কিছু ক্যারিয়ার অ্যান্ড টেকনিকেল এডুকেশন (সিটিই) ক্লাসে আসনসংখ্যা সীমিত।

- **পরিচয়ের প্রমাণ দিতে এবং/অথবা ক্লাসের জন্য তালিকাভুক্ত হতে শিক্ষার্থীদের কি সোশ্যাল সিকিউরিটি নম্বর বা কাগজপত্র থাকতে হবে?**

  ইএসওএল, এবিই, এবং এইচএসই ক্লাসের জন্য রেজিস্টার করা শিক্ষার্থীদেরকে তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে না। সার্টিফিকেশন প্রদান করা হয় যেসব সিটিই ক্লাসে, সেগুলোর জন্য রেজিস্টারকারী শিক্ষার্থীদেরকে চাকরিতে নিয়োগের তাদের সনাক্ত করতে একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর বা অন্যান্য কাগজপত্র দিতে বলা হতে পারে।

- **ক্লাসগুলো কোথায় এবং কোন সময় নেওয়া হয়?**

  ক্লাসগুলো নেয়া হয় পাঁচটি বরোর ১৭৫টি সাইটে। সকল শিক্ষার্থীর সময়সূচি সংক্রান্ত চাহিদা পূরণের জন্য সকাল, বিকাল, সন্ধ্যা এবং শনিবারে ক্লাস করার সুযোগ রয়েছে।

- **যদি কোন শিক্ষার্থী ম্যানহাটানে কাজ করেন এবং বসবাস করেন ব্রংক্স-এ, তাহলে তিনি কি উভয় বরোর সাইটগুলোতে সুযোগ পাবেন?**

  হ্যাঁ। যোগ্য শিক্ষার্থীরা তাদের সবচেয়ে বেশি সুবিধাজনক সাইটে ক্লাস করতে পারবেন।

- **অফিস অব অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন-এর মাধ্যমে কোন্ কোন্ ক্লাসের সুযোগ রয়েছে?**

  • অ্যাডাল্ট বেসিক এডুকেশন (এবিই) মৌলিক সাক্ষরতা ও হাই স্কুল ইকুইভ্যালেনসি (এইচএসই)-এর প্রস্তুতি মূল্যায়ন

  • ইংলিশ ফর স্পিকার্স অভ আদার ল্যাঙ্গুয়েজেস (ইএসওএল): প্রারম্ভিক থেকে উচ্চতর স্তর

  • ক্যারিয়ার অ্যান্ড টেকনিকেলা এডুকেশন (সিটিই): এয়ার কনডিশনিং/রেফ্রিজারেশন, অটোমোটিভ মেকানিক্স, বিল্ডিং মেইনটেন্যান্স, ক্যাবল ইন্সটলেশন, কারপেন্ট্রি, কম্পিউটার লিটারেসি, কমপিউটার মেরামত, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন, খাদ্য প্রস্তুতি/ক্যাটারিং, স্বাস্থ্যসংক্রান্ত পেশা, ইলেকট্রিক্যাল, মেডিকেল বিলিং, মাইক্রোসফট অফিস, প্লামিং ও ওয়েব পেজ ডিজাইন ইত্যা;ই ক্লাস।

- **যদি কোন প্রিন্সিপ্যাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর বা পিতামাতা তাদের কে-১২ গ্রেডের স্কুল সাইটে বয়স্ক শিক্ষার ক্লাস নিতে আগ্রহী হন, তাহলে তাকে কার সাথে যোগাযোগ করতে হবে?**

  প্রতিটি অঞ্চলে একজন করে অ্যাডাল্ট এডুকেশন প্রিন্সিপ্যাল রয়েছেন। স্কুলের সাথে যোগাযোগের তথ্য জানতে এই সাইটের 'রেজিস্ট্রেশনের স্থান' পেজটি দেখুন।

- **অ্যাডাল্ট এডুকেশনের ক্লাসে নাম তালিকাভুক্ত করার পদ্ধতিটি কী?**

  প্রতিটি বরোর একটি করে লিটারেসি জোন রয়েছে যেখানে শিক্ষার্থীরা ক্লাসের জন্য নাম রেজিস্টার করতে পারে। এছাড়াও সাইটের বাইরেও নাম রেজিস্ট্রেশন করা যায়। প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই একটি ইনটেক ইন্টারভিউ-য়ের মাধ্যমে যেতে হবে যার পরে তাকে লভ্য কর্মসূচিসমূহের বিবরণ দেয়া হবে। যোগ্য শিক্ষার্থীদেরকে একজন কেস ম্যানেজার সাথে একটি মূল্যায়ন অধিবেশনের ভেতর দিয়ে যেতে হবে এবং সে অনুযায়ী তাদেরকে ভর্তি করা হবে।

- **ইনটেক ইন্টারভিউ কি কোন নির্দিষ্ট তারিখ ও সময়ে গ্রহণ করা হয়?**

  হ্যাঁ। এর তথ্য পাওয়া যায় শিক্ষার্থী ইনটেক প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য যে স্থানটি বেছে নেবে, সে স্থানে। সময়সূচি পরিবর্তনসাপেক্ষ, তাই অনুগ্রহ করে ইনটেক-এর সময়সূচি জানার জন্য পূর্বাহ্ণেই ফোন করবেন। আমাদের স্থানসমূহের ঠিকানা ও ফোন নম্বর জানার জন্য অনুগ্রহ করে এই সাইটের 'রেজিস্ট্রেশন লোকেশন' পেজ দেখুন।

- **অ্যাডাল্ট বেসিক এডুকেশন (এবিই) ও হাই স্কুল ইকুইভ্যালেনসি (এইচএসই) ক্লাসের মধ্যে ব্যবধান কি?**

  অ্যাডাল্ট বেসিক এডুকেশন (এবিই) ক্লাস পাঠ ও গণিতে নিম্নতর সাক্ষরতা শেখায় যাতে শিক্ষার্থীরা এইচএসই ক্লাসের জন্য প্রস্তুত হতে পারে। এইচএসই ক্লাসগুলো শিক্ষার্থীদেরকে টেস্ট অ্যাসেসিং সেকেন্ডারি কমপ্লিশন (টিএএসসি) পরীক্ষার জন্য প্রস্তুত করে।

- **ইংলিশ অ্যাড এ সেকেন্ডে ল্যাঙ্গুয়েজ ক্লাস (ইএসএল) কী?**

  ইএসএল ক্লাস শিক্ষার্থীদেরকে ইংরেজি ভাষা ও পঠন দক্ষতা শেখায়।

- **লিটারেসি জোন কী?**

  লিটারেসি জোন হলো নবাগত পরিবারসমূহের, বয়স্ক শিক্ষার্থীদের এবং কম্যুনিটির সবার প্রয়োজন মেটানর জন্য প্রারম্ভিক স্থান। সেন্টারটি শিক্ষার্থীদেরকে তাদের ক্লাস ও আবাসন, আইনি, চিকিৎসা, চাকরি এবং অন্যান্য প্রয়োজন মেটানর জন্য লভ্য সুযোগ-সুবিধার সাথে সংযোগ ঘটিয়ে দেয়। লিটারেসি জোন ও এর সুযোগ-সুবিধাসমূহ পরিবারসমূহকে একটি নতুন সংস্কৃতি আত্মস্থ করতে ও নতুন ভাষার সাথে খাপ-খাওয়াতে বিভিন্ন সমস্যা মোকাবেলায় সহায়তা করে। চারটি লিটারেসি জোন রয়েছে, সেগুলো হলো ম্যানহাটান, কুইন্স, ব্রুকলিন ও ব্রংক্স। আরও তথ্যের জন্য এই সাইটের 'স্টুডেন্ট সাপোর্ট' পেজ দেখুন।